গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর
(রাজস্ব শাখা)
www.dcjamalpur.gov.bd

## বালুমহাল ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

স্মারক নম্বর- ৩১.৪৫.৩৯০০.০১৩.১৩.০১১.০৯-২৮৬ তারিখ: ০৬/০৪/২০২৬ খ্রি.

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার নিম্নবর্ণিত বালুমহালগুলো বাংলা ১৪৩৩ সালের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১(এক) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী তালিকাভুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত আবেদন ফরমে দরপত্রের শর্তাবলি অনুসরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে। 'বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২৫' এর আলোকে তালিকাভুক্ত ইজারাদারগণ (বালুমহাল) প্রকাশ্য দরপত্রের মাধ্যমে ইজারা টেন্ডারে অংশগ্রহণ করতে পারবেন। প্রতিটি দরপত্র/আবেদন ফরম ২,০০০/-(দুই হাজার) টাকা নগদ মূল্যে (অফেরতযোগ্য) দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত অফিস চলাকালীন বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ; রাজস্ব শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জামালপুর সদর, জামালপুর থেকে সংগ্রহ করা যাবে। ১ম পর্যায়ে প্রয়োজনীয় সংখ্যক বৈধ দরপত্র/ আবেদনপত্র না পাওয়া গেলে ২য় এবং ৩য় পর্যায়ে বর্ণিত তারিখ ও সময় অনুযায়ী দরপত্রের বিজ্ঞপ্তি কার্যকর থাকবে। বিস্তারিত তথ্যাদি জেলা প্রশাসন, জামালপুর এর ওয়েবসাইট www.jamalpur.gov.bd ও প্রতিদিন অফিস চলাকালীন এ কার্যালয়ের রাজস্ব শাখা (রুম নং- ১০৭) হতে জানা যাবে এবং এ সংক্রান্ত শর্তাবলী আবেদন পত্রের সাথে সরবরাহ করা হবে।

দরপত্র/আবেদন ফরম বিক্রি ও গ্রহণের তারিখ নিম্নে দেয়া হলোঃ

| পর্যায় | দরপত্র ফরম বিক্রয়ের তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র ফরম খোলার তারিখ ও সময় | দরপত্র ফরম প্রাপ্তির স্থান | দরপত্র ফরম দাখিলের স্থান |
|---|---|---|---|---|---|
| ১ম পর্যায় | ০৮/০৪/২০২৬ খ্রি. হতে ১৬/০৪/২০২৬ খ্রি. পর্যন্ত | ১৯/০৪/২০২৬ খ্রি. সকাল ৯.০০ থেকে দুপুর ১:০০ টা পর্যন্ত | ১৯/০৪/২০২৬ খ্রি. বিকাল ৩:০০ টা | বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ; রাজস্ব শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জামালপুর সদর, জামালপুর। | রাজস্ব শাখা (রুম নং-১০৭), জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর। |
| ২য় পর্যায় | ২৬/০৪/২০২৬ খ্রি. হতে ৩০/০৪/২০২৬ খ্রি. পর্যন্ত | ০৩/০৫/২০২৬ খ্রি. সকাল ৯.০০ থেকে দুপুর ১:০০ টা পর্যন্ত | ০৩/০৫/২০২৬ খ্রি. বিকাল ৩:০০ টা | ঐ | ঐ |
| ৩য় পর্যায় | ১০/০৫/২০২৬ খ্রি. হতে ১৪/০৫/২০২৬ খ্রি. পর্যন্ত | ১৭/০৫/২০২৬ খ্রি. সকাল ৯.০০ থেকে দুপুর ১:০০ টা পর্যন্ত | ১৭/০৫/২০২৬ খ্রি. বিকাল ৩:০০ টা | ঐ | ঐ |

বিজ্ঞপ্তিকৃত বালুমহালের তালিকাঃ

| ক্র: নং | উপজেলার নাম | বালুমহালের নাম | বালুমহালের আয়তন (একর) | সম্ভাব্য সরকারি মূল্য | প্রস্তাবিত ইজারার মেয়াদ |
|---|---|---|---|---|---|
| ০১ | জামালপুর সদর | ছনকান্দা চরযথার্থপুর বালুমহাল | ১০৫.৩৫৫০ | ৭২,৫২,৬৬৬/- | বাংলা ১৪৩৩ সালের ১লা বৈশাখ হতে ১৪৩৩ সালের ৩০শে চৈত্র পর্যন্ত। |
| ০২ | | নুরুন্দি-পিয়ারপুর বালুমহাল | ৬৪.১১০০ | ১৩,৭৬,১০০/- | |
| ০৩ | | শরিফপুর বালুমহাল | ১২১.৮৮০০ | ৪২,৯৬,৯৬৬/- | |
| ০৪ | | নান্দিনা বালুমহাল | ৫৬.৬৩০০ | ১১,০০,০০০/- | |
| ০৫ | | রশিদপুর চন্দ্রা | ৯২.৪৪০০ | ৪,৯৬,১০০/- | |

চলমান পাতা- ০২

**শর্তাবলীঃ**

০১। ‘বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২৫’ এর আলোকে আবেদনপত্র গ্রহণ পূর্বক বালুমহালসমূহ ইজারা প্রদান করা হবে।

০২। আবেদনকারীর সদ্যতোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, ট্রেড লাইসেন্সের ফটোকপি, আয়কর প্রত্যয়ন এবং জেলা প্রশাসকের কার্যালয় হতে প্রদত্ত তালিকাভুক্তির সনদের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

০৩। বৎসরের যেকোনো সময়ই ইজারা প্রদান করা হোক না কেন উক্ত ইজারার মেয়াদ ১লা বৈশাখ ১৪৩৩ হতে ৩০শে চৈত্র ১৪৩৩ বাংলা সাল পর্যন্ত কার্যকর বলে গণ্য হবে। কোনো কারনে ইজারা প্রদানে বিলম্বে হলেও এ বিলম্বের কারনে ইজারার মেয়াদ/সময় বর্ধিত হবে না।

০৪। প্রতিটি বালুমহালের বিপরীতে দরপত্রে উল্লিখিত সম্ভাব্য সরকারি মূল্যের ২৫% হারে জামানত হিসেবে যেকোনো তফসিলভুক্ত ব্যাংক থেকে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জেলা প্রশাসক, জামালপুর এর অনুকূলে আবেদনের সাথে দাখিল করতে হবে।

০৫। ইজারাগ্রহীতাকে বালুমহালের ইজারা মূল্যের অতিরিক্ত ১০% হারে আয়কর ও ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) এবং গৃহীত মূল্যের সাকূল্য টাকা (ইজারা মূল্য, আয়কর ও মূল্য সংযোজন কর) ইজারাপ্রাপ্তির ০৭(সাত) কার্যদিবসের মধ্যে পরিশোধ করে নিজ দায়িত্বে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারা চুক্তি সম্পাদন করে বালুমহাল এর দখল বুঝে নিতে হবে।

০৬। বালুমহালটি যেখানে যে অবস্থায় রয়েছে সে অবস্থায়ই ইজারা দেওয়া হবে। ইজারা প্রদানের পর এ বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না। আবেদনকারীকে দরপত্র দাখিলের পূর্বে প্রয়োজনে সংশ্লিষ্ট বালুমহালের তফসিলভুক্ত জমি সরেজমিনে পরিদর্শন করে বাস্তব অবস্থা সম্পর্কে অবগত হয়ে দরপত্র দাখিল করতে হবে।

০৭। কাটাকাটি/ঘষামাজা বা অস্পষ্ট দরপত্র/আবেদনপত্র গ্রহণযোগ্য নয়। দরপত্র সিডিউলের প্রতি পাতায় দরপত্র দাতার স্বাক্ষর থাকতে হবে। দরপত্রে প্রদেয় মূল্য অংকে ও কথায় লিখতে হবে এবং প্রতিটি বালুমহালের জন্য পৃথক পৃথকভাবে আবেদন ফরম সিলমোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর বালুমহালের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে।

০৮। ইজারা অনুমোদনের ক্ষেত্রে অনুমোদনকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে। এ ব্যাপারে কোনো আপত্তি গ্রহণ করা হবে না।

০৯। কোনো বালুমহালের বিষয়ে আদালত কর্তৃক নিষেধাজ্ঞা/ভিন্ন কোনো সিদ্ধান্ত বা মন্ত্রণালয় কর্তৃক অন্য কোনো সিদ্ধান্ত থাকলে বালুমহালটি তালিকা থেকে বাদ দেওয়া হবে। বালুমহাল ইজারা মেয়াদ চলাকালীন আদালতের স্থগিতাদেশ/স্থিতাবস্থা/নিষেধাজ্ঞা প্রদান/বলবৎ এর কারণে ইজারাগ্রহীতা ক্ষতিগ্রস্থ হলে তার কোনো প্রকার ক্ষতিপূরণ দাবি করা যাবে না।

১০। ইজারাপ্রাপ্ত বালুমহাল কোনো অবস্থাতেই ইজারাদার কর্তৃক আংশিক বা সম্পূর্ন অংশ কারো নিকট সাব-লিজ বা হস্তান্তর করা যাবে না। এরূপ করলে তার জামানত বাজেয়াপ্ত, ইজারা বাতিলসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। বিজ্ঞপ্তি ও ওয়েবসাইটে প্রকাশিত সংশ্লিষ্ট বালুমহালের প্রস্তাবিত এলাকা (আয়তন)/তফসিলের বাইরে বালু উত্তোলন করা যাবে না। কোনো অবস্থাতেই বালু ব্যতীত অন্য কিছু উত্তোলন করা যাবে না। প্রতিটি বালুমহালের বিস্তারিত তফসিল জেলা প্রশাসন, জামালপুর এর ওয়েবসাইট www.jamalpur.gov.bd এ পাওয়া যাবে।

১২ বালুমহাল ব্যবস্থাপনা সংক্রান্ত সরকারি আইন, বিধিমালা ও সময়ে সময়ে জারিকৃত বিধি বিধানসমূহ ইজারাগ্রহীতা অবশ্যই মেনে চলতে বাধ্য থাকবেন।

১৩। ভুল/মিথ্যা তথ্য সংবলিত এবং অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

১৪। অকৃতকার্য দরপত্র দাতার দাখিলীয় জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের পর ফেরত দেয়া হবে।

১৫। উপর্যুক্ত শর্তাবলীর যেকোনো এক বা একাধিক শর্তের ব্যত্যয় ঘটলে ইজারা দরপত্র/বাতিল বলে গণ্য হবে। কোনো সরকারি সম্পত্তির ক্ষতিসাধন করলে জামানত বাজেয়াপ্ত, ক্ষতিপূরণ আদায় ও ইজারা বাতিলসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। বালুমহাল ইজারায় অংশগ্রহণের জন্য দরপত্র/আবেদন দাখিল করার পর দাখিলকৃত দরপত্র/আবেদন প্রত্যাহার করা যাবে না।

১৭। কোন দরপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে জেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তি পরিবর্তন/পরিবর্ধন/স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৬/০৪/২০২৬

মোহাম্মদ ইউসুপ আলী
জেলা প্রশাসক
ও
জামালপুর।
টেলিফোন নং- ০২৯৯৭৭৭২১২৩
ই-মেইল: dcjamalpur@mopa.gov.bd

চলমান পাতা-৩

স্মারক নম্বর-৩১.৪৫.৩৯০০.০১৩.১৩.০১১.০৯- ২৮৬ তারিখ: ০৬/০৪/২০২৬ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)-

০১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৩। মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো।
০৪। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ, ঢাকা।
০৫। পুলিশ সুপার, জামালপুর।
০৬। অতিরিক্ত জেলা প্রশাসক, রাজস্ব, জামালপুর।
০৭। জেলা মৎস্য কর্মকর্তা, জামালপুর।
০৮। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জামালপুর।
০৯। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, জামালপুর।
১০। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জামালপুর।
১১। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, জামালপুর।
১২। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, জামালপুর।
১৩। প্রশাসক, জামালপুর পৌরসভা/সরিষাবাড়ী/মেলান্দহ/ইসলামপুর/মাদারগঞ্জ/দেওয়ানগঞ্জ/বকশীগঞ্জ, জামালপুর (নোটিশ বোর্ডে বহুল প্রচারের জন্য)।
১৪। উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর/সরিষাবাড়ী/মেলান্দহ/ইসলামপুর/মাদারগঞ্জ/দেওয়ানগঞ্জ/বকশীগঞ্জ, জামালপুর (নোটিশ বোর্ডে বহুল প্রচারের জন্য)।
১৫। সহকারী কমিশনার (ভূমি), জামালপুর সদর/সরিষাবাড়ী/মেলান্দহ/ইসলামপুর/মাদারগঞ্জ/দেওয়ানগঞ্জ/বকশীগঞ্জ, জামালপুর। তাঁর কার্যালয় ও সকল ইউনিয়ন ভূমি অফিসের নোটিশ বোর্ডে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৬। সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, জামালপুর।
১৭। চেয়ারম্যান, ............................ইউনিয়ন পরিষদ, ........................., জামালপুর (সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে বহুল প্রচারের জন্য)।
১৮। প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর। তাঁকে জেলা প্রশাসন, জামালপুর এর ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৯। অফিস কপি।

০৬/০৪/২০২৬

শাহীন কাওছার
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য সচিব
জেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটি
জামালপুর।
ফোন- ০২৯৯৭৭২১৯০
ই-মেইল-rdcjamalpur1@gmail.com

## ছনকান্দা-চরযথার্থপুর বালুমহাল এর তফসিল

| ক্রঃ নং | মৌজার নাম | খতিয়ান নং | দাগ নং | বালুমহালভূক্ত জমির পরিমাণ (একরে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | সাতপাকিয়া | ১ | ৭০২(৭০১) | ১.০৭০০ | |
| ০২ | চরকুটুরিয়া | ১ | ১ | ১.৪২৫০ | |
| ০৩ | যথার্থপুর | ১ | ১৫৮ | ২৩.৫০০০ | |
| | | | ৫১৮৬ | ২৩.০০০০ | |
| | | | ৭২৫৩ | ৮.১০০০ | |
| | | | ৭৩১৯ | ২২.৬০০০ | |
| | | | ৮২১১ | ২৫.৬৬০০ | |
| সর্বমোট = ১০৫.৩৫৫০ (একশত পাঁচ দশমিক তিন পাঁচ পাঁচ শূন্য) একর। | | | | | |

## শরিফপুর বালুমহালের তফসিল

| ক্রঃ নং | মৌজার নাম | খতিয়ান নং | দাগ নং | বালুমহালভূক্ত জমির পরিমাণ (একরে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | জয়রামপুর | ১ | ২৫২৩ | ২০.৬০০০ | |
| | | | ২৫০৬ | ০.৬৫০০ | |
| | | | ২৫২২ | ০.৬৩০০ | |
| | | | ২৫০১ | ১.৭৪০০ | |
| | | | ২৫০২ | ০.৩৬০০ | |
| | | | ২৫০৪ | ২.৭৫০০ | |
| ০২ | হামিদপুর | ১ | ১৬৫ | ১০.০০০০ | |
| ০৩ | যথার্থপুর | ১ | ৫২৬৪ | ১৯.১৩০০ | |
| | | | ৫১৮৭ | ১.৪১০০ | |
| | | | ৫১৮৮ | ১.৫০০০ | |
| | | | ৫১৮৯ | ০.৮৯০০ | |
| | | | ৫১৯০ | ০.৫৪০০ | |
| | | | ৫১৯১ | ০.৬০০০ | |
| | | | ৫১৯২ | ০.৬২০০ | |
| | | | ৫১৯৩ | ০.২৮০০ | |
| | | | ৫১৯৪ | ০.৭৮০০ | |
| | | | ৭২৫৩ | ১৭.১৩০০ | |
| | | | ৭৩১৯ | ৯.৫৭০০ | |
| ০৪ | চরলক্ষী | ১ | ৪৮৫৩ | ২৬.৭০০০ | |
| | | | ২১৭৪ | ৬.০০০০ | |
| সর্বমোট = ১২১.৮৮০০ (একশত একুশ দশমিক আট আট শূন্য শূন্য) একর। | | | | | |

## নুরুন্দি-পিয়ারপুর বালুমহাল এর তফসিল

| ক্রঃ নং | মৌজার নাম | খতিয়ান নং | দাগ নং | বালুমহালভূক্ত জমির পরিমাণ (একরে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | কোচনধরা | ১ | ১৩৪৮ | ৩৩.৩০০০ | |
| | | | ১২৯৯ | ৭.৯০০০ | |
| ০২ | ছাতিয়ানতলা | ১ | ৭৯৭/৯৯০ | ৫.০৬০০ | |
| ০৩ | নুরুন্দি | ১ | ১ | ২.০৫০০ | |
| ০৪ | মানিকের চর | ১ | ১৩৪/১৩৮ | ১০.৫৫০০ | |
| ০৫ | ডিগ্রিরচর | ১ | ৯০০০ | ৫.২৫০০ | |
| সর্বমোট = ৬৪.১১০০<br>(চৌষট্টি দশমিক এক এক শূন্য শূন্য) একর। | | | | | |

## নান্দিনা বালুমহাল এর তফসিল

| ক্রঃ নং | মৌজার নাম | খতিয়ান নং | দাগ নং | বালুমহালভূক্ত জমির পরিমাণ (একরে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | খড়খড়িয়া | ১ | ৩৫৮ | ১৭.৪৯০০ | |
| | | | ৩৫৭ | ১.১০০০ | |
| ০২ | চর মাধবদী | ১ | ১৪০৫ | ৭.৩৪০০ | |
| | | | ১১২০ | ৩০.৭০০০ | |
| সর্বমোট = ৫৬.৬৩০০<br>(ছাপান্ন দশমিক ছয় তিন শূন্য শূন্য) একর। | | | | | |

## রশিদপুর-চন্দ্রা বালুমহাল এর তফসিল

| ক্রঃ নং | মৌজার নাম | খতিয়ান নং | দাগ নং | বালুমহালভূক্ত জমির পরিমাণ (একরে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | চরপলিশা | ১ | ৮ | ৬.৪০০০ | |
| | | | ৪৪ | ১৩.৮৫০০ | |
| ০২ | চন্দ্রা | ১ | ৩০০ | ৪৯.৯৬০০ | |
| ০৩ | বিষ্ণুপুর | ১ | ১ | ৪.৯৩০০ | |
| ০৪ | চর চন্দ্রা | ১ | ১০৪১ | ১৫.০৪০০ | |
| | | | ১২৫৮ | ২.২৬০০ | |
| সর্বমোট = ৯২.৪৪০০<br>(বিরানব্বই দশমিক চার চার শূন্য শূন্য) একর। | | | | | |

০৬/০৪/২৬
শাহীন কাওছার
রেভিনিউ ডেপুটি কালেক্টর
জামালপুর।